গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ : ০৫.১২.২০২৪ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণপূর্বক আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী কোটায় শিক্ষাবৃত্তি প্রাপ্তি লক্ষ্যে পূর্ববর্তী ফলাফলে ভিত্তিতে স্নাতক (পাস) ২য় বর্ষ ২০২০-২১ ও স্নাতক (পাস) ৩য় বর্ষ ২০১৯-২০ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ২য় বর্ষ ২০২১-২২ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৩য় বর্ষ ২০২০-২১ শিক্ষাবর্ষ, স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ ২০১-২০ শিক্ষাবর্ষ এবং মাস্টার্স প্রিলি ও অনার্সের ফলাফলের ভিত্তিতে স্নাতকোত্তর ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী আবেদন করতে পারবে। কলেজের ওয়েবসাইট হতে তথ্য ছক ফরম ডাউনলোড করে নির্ভুলভাবে ছক পূরণ করে আগামী ১৫.১২.২০২৪ তারিখের মধ্যে তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে জমা দেওয়ার জন্য নিদের্শ প্রদান করা হলো।

## নিয়মাবলীঃ

জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষাবৃত্তি নীতিমালা'র আলোকে কলেজে অথায়নরত (১) বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী (২) স্নাতক (পাস), স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ে আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থী এই বৃত্তির আওতাভুক্ত বলে গণ্য হবে।

১। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য বৃত্তিঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীগণ ভর্তি হওয়ার পর থেকে প্রতি শিক্ষাবর্ষে একবার এককালীন এই বৃত্তি প্রাপ্ত হবে।

ক) বিশেষ চাহিদাসম্পন্ন এর সপক্ষে বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তির কাগজপত্র আবেদনের সঙ্গে জমা প্রদান করতে হবে।

খ) বৃত্তির জন্য নির্বাচিত প্রত্যেক শিক্ষার্থীকে বছরে এককালীন কম-বেশী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃত্তি প্রদান করা হবে। তবে বৃত্তিখাতে বিশ্ববিদ্যালয়ের বাৎসরিক বাজেটের উপর নির্ভর করে কলেজভিত্তিক বৃত্তি প্রদানের সংখ্যা ও বৃত্তির পরিমাণ কম-বেশি হতে পারে।

২। আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তিঃ

আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তির যোগ্যতা:

ক) স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য থেকে এই নীতিমালায় বর্ণিত বিধি অনুযায়ী বৃত্তি প্রদান করা হবে।

খ) বৃত্তি প্রদানের ক্ষেত্রে আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থী বৃত্তির আওতাভুক্ত হবে।

গ) সকল ক্ষেত্রে ১ম বর্ষ থেকে পরবর্তী বর্ষ বা বর্ষসমূহে উত্তীর্ণ হওয়ার পর পূর্ববর্তী বর্ষের ফলাফল এবং মেধাক্রম অনুসারে বৃত্তি প্রদান করা হবে।

ঘ) স্নাতকোত্তর শিক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ স্নাতক (পাস) অথবা স্নাতক (সম্মান) কোর্সের ফলাফলের ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে।

ঙ) বৃত্তি প্রাপ্তির জন্য প্রতি বর্ষে শিক্ষার্থীর অর্জিত ফলাফল ন্যূনতম জিপিএ ৩.০০ হওয়া আবশ্যক;

(৩) অনুচ্ছেদ-২ এর 'খ' ভুক্ত শিক্ষার্থীদের মধ্যে যারা কলেজের একাডেমিক ও সহপাঠসহ সকল কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ করে থাকে তারা বৃত্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

বৃত্তির প্রক্রিয়া ও শর্তাবলী:

ক) শিক্ষার্থীদের পূর্ববর্তী বর্ষের ফলাফল, মেধাক্রম (নিজ কলেজ) ও GPA স্পষ্ট উল্লেখ করতে হবে;

খ) স্নাতক (পাশ) ও স্নাতক (সম্মান) এবং মাস্টার্সে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে অনার্সের চূড়ান্ত ফলাফলের কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

গ) অনুচ্ছেদ-২ এর 'খ' দফায় বর্ণিত শিক্ষার্থীদের কলেজের অধ্যায়নরত প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

৪) বৃত্তির টাকা বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে চেকের মাধ্যমে প্রদান করা হবে।

ক) বৃত্তির জন্য তথ্য গোপন, নিয়মের ব্যত্যয়, অসম্পূর্ণ অথবা ভুল তথ্য প্রদান করা হলে তা বাতিল বলে গণ্য হবে;

খ) অনিয়মিত শিক্ষার্থীবৃন্দ কোন অবস্থাতেই বৃত্তির আওতাভুক্ত হবে না।

৫। বৃত্তির জন্য শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তকরণের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

সংযুক্ত: শিক্ষাবৃত্তির তথ্য ছক

অধ্যক্ষ 05.12.2018

মুরারিচাঁদ কলেজ, সিলেট

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

## বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নাম: ..................................................................................................
..........................................................................................................................

**শিক্ষার্থীর তথ্য**

ক) নাম:..........................................................................

পিতা: .............................................................................

মাতা: .............................................................................

জন্ম তারিখ: ......................................................................

ছবি

বর্তমান ঠিকানা: ..........................................................................................................................

স্থায়ী ঠিকানা: ..........................................................................................................................

জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর: ..................................................................................

খ) কোর্সের নাম: ........................................, বিষয়: ..................................................................

গ) শিক্ষাবর্ষ: ..........................., রেজি: নম্বর: ..........................................., বৃত্তির প্রার্থিত বর্ষ: ...................

ঘ) বিশেষ চাহিদাসম্পন্নের ধরণ: ......................................................................(সনদ সংযুক্ত করতে হবে)

ঙ) বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তির কাগজ: ........................................................... (সংযুক্ত করতে হবে)

মোবাইল: ........................................ ই-মেইল (যদি থাকে): ..................................................

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল ঃ

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

## আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নাম: ..............................................................................................................
..............................................................................................................................

**শিক্ষার্থীর তথ্য**

ক) নাম:..........................................................................

পিতা: ..........................................................................

মাতা: ..........................................................................

জন্ম তারিখ: ..........................................................

ছবি

জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর: ..............................................................................................

খ) কোর্সের নাম: ....................................., বিষয়: ...........................................................................

গ) শিক্ষাবর্ষ: ......................., রেজি: নম্বর: ......................................., বৃত্তির প্রার্থিত বর্ষ: ....................

ঘ) পূর্বতন বর্ষের ফলাফল (GPA): .................... , মেধাক্রম ..................

মোবাইল: ...................................... ই-মেইল (যদি থাকে): ......................................................

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল ঃ

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)